জরুরী

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iaudhaka@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/খ-১০৩/২০১৮/৮৯৩৯ তারিখ ঃ ১৫ বৈশাখ, ১৪২৬ / ২৮ এপ্রিল, ২০১৯খ্রিঃ

প্রাপক
আলহাজ্ব গাজী বোরহান উদ্দিন
সভাপতি (এডহক কমিটি)
শরাফপুর কারামতিয়া ফাযিল মাদরাসা
ডাকঘর- গিলাতলা, উপজেলা- রামপাল, জেলা- বাগেরহাট।

বিষয়ঃ মাদরাসার ছাত্রী ধর্ষণের ঘটনার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, গত ২২ এপ্রিল ২০১৯খ্রি. তারিখে দৈনিক প্রথম আলোসহ বেশ কয়েকটি জাতীয় দৈনিক পত্রিকা ও টেলিভিশনের মাধ্যমে খবর প্রকাশিত হয় যে, অত্র মাদরাসার একজন ছাত্রী ধর্ষণের শিকার হয়েছে। ধর্ষণের বিষয়টি ধামা চাপা দেয়ার অভিযোগে মাদরাসার অধ্যক্ষ গ্রেফতার হয়ে বর্তমানে কারান্তরীণ আছেন। এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের ০১ নভেম্বর, ২০১৭ইং তারিখের অফিস আদেশ অনুযায়ী ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনোনয়ন ও দায়িত্ব প্রদান এবং উপর্যুক্ত ঘটনার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য বিধি মোতাবেক ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠনের নিমিত্তে আদেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/৪/২০১৯
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/খ-১০৩/২০১৮/৮৯৩৯(৮) তারিখঃ ২৮/০৪/২০১৯ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল ০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
৪। উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাট।
৫। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), শরাফপুর কারামতিয়া ফাযিল মাদরাসা, রামপাল, বাগেরহাট।
৬। পি এস, উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৭। আই.সি.টি. শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৮। সংশ্লিষ্ট নথি।

২৮/৪/১৯
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
iaudhaka@gmail.com

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩
পশ্চিম ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/৪০৭৬

তারিখ : ১৭ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত, অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষের অনুপস্থিতিতে এবং এডহক কমিটি/গভর্নিং বডির মেয়াদ উত্তীর্ণ/সভাপতি কোন কারণে দায়িত্ব পালনে অপারগ হলে নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী মাদরাসা পরিচালিত হবে :

১। কোন ফাজিল ও কামিল মাদরাসার এডহক কমিটি/গভর্নিং বডির সভাপতি না থাকার কারণে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের সমস্যা সৃষ্টি হলে জেলা সদরে অবস্থিত মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও জেলা সদরের বাইরে অবস্থিত মাদরাসার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আই.সি.টি) এবং তাঁর অবর্তমানে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বেতন-ভাতা বিলে প্রতিস্বাক্ষর করবেন।

২। ফাজিল ও কামিল মাদরাসায় কোন কারণে অধ্যক্ষ না থাকলে তদস্থলে সংশ্লিষ্ট মাদরাসার উপাধ্যক্ষ ভিন্ন অপর কোন শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করতে পারবেন না। কোন কারণে উপাধ্যক্ষের দায়িত্ব গ্রহণে অপারগতা প্রকাশ অসদাচরণ বলে গণ্য হবে।

৩। যে সকল মাদরাসায় উপাধ্যক্ষ কর্মরত অবস্থায় অন্য কোন শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করছেন উক্ত মাদরাসা কর্তৃপক্ষ আগামী ৩০ দিনের মধ্যে অত্র অফিস আদেশের ২ নং নির্দেশনা প্রতিপালন করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করবেন।

৪। মাদরাসায় উপাধ্যক্ষ না থাকলে জ্যেষ্ঠতম শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন। জ্যেষ্ঠতম শিক্ষক নির্বাচনের ক্ষেত্রে এমপিওভুক্তির তারিখ, একই তারিখে এমপিওভুক্ত হলে যোগদানের তারিখ এবং যোগদানের তারিখ একই হলে বয়সের দিক হতে বয়োজ্যেষ্ঠ শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে। একইভাবে একই বয়সের দু'জন হলে উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন শিক্ষককে জ্যেষ্ঠ গণ্য করা হবে।

৫। অধ্যক্ষের ছুটিকালীন সময়ে/অন্যত্র কোন দায়িত্ব পালনকালে উক্ত সময়ের জন্য দায়িত্বপ্রাপ্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষ শুধু রুটিন ওয়ার্ক করবেন।

০১/১১/২০১৭
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/৪০৭৬ তারিখ : ০১/১১/২০১৭ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, রমনা, ঢাকা-১০০০।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৪। পরিদর্শক (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৬। জেলা প্রশাসক, সকল জেলা।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক, সকল জেলা।
৮। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা।
১০। অধ্যক্ষ, প্রাথমিক পাঠদানের অনুমতি প্রাপ্ত, অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা।
১১। ব্যবস্থাপক, সংশ্লিষ্ট ব্যাংক।
১২। আই.সি.টি. বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
১৩। অফিস নথি।

০১.১১.১৭
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

E:/office order/hasan 47